

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো আমলের ক্ষেত্রে সহজতা অবলম্বন করা এবং নিজের উপর সাধ্যাতিত বিষয় চাপিয়ে না নেওয়া

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ الرِّفْقِ فِي الطَّاعَاتِ وَتَرْكِ الْحَمْلِ عَلَى النَّفْسِ مَا لَا تُطيقُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ بُنِ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا أَبِي قَالَ: حَدَّثَنَا شُعَيْبٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُرْوَةَ عَنْ عَائِشَةَ: (أَنَّ الْحُوْلَاءَ بِنْتَ تُوَيْتَ بُنِ حَبِيبِ بْنِ أَسَدِ بْنِ عَبْدِ الْعُزَّى مَرَّتْ بِهَا وَعِنْدَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: هَذِهِ الْحَوْلَاءُ بِنْتُ تُوَيْتٍ وَزَعَمُوا أَنَّهَا لَا تَنَامُ بِاللَّيْلِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا تَنَامُ بِاللَّيْلِ! خُذُوا مِنَ الْعَمَلِ مَا تُطِيقُونَ فَوَاللَّهِ لَا يَسْأُمُ الله حتى تسأموا.)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 360 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৬০. 'আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, হাওলা বিনতু তুওয়াইত বিন হাবীব বিন আসাদ বিন আব্দুল 'উয্যা তাঁর পাশ দিয়ে অতিক্রম করেন এসময় রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম তাঁর পাশেই ছিলেন। 'আয়িশা রাদ্বিয়াল্লাভ্ আনহা বলেন: "ইনি হাওলা বিনতু তুওয়াইত, লোকজন বলেন যে, তিনি সারারাত ঘুমান না।" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "সারারাত ঘুমায় না? তোমরা সেই পরিমাণ আমলই গ্রহণ করো, যা পালন করতে পারবে। আল্লাহর কসম! আল্লাহ প্রতিদান দেওয়া থেকে ক্ষ্যান্ত হন না যতক্ষণ না তোমরা ইবাদত পালন করতে করতে বিরক্ত হয়ে যাও।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২৪৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৩৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন